

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর  
মহাখালী, ঢাকা-১২১২।  
[www.dgnm.gov.bd](http://www.dgnm.gov.bd)

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০২.০১.০০২.২০- ০৭

তারিখঃ- ১১/০১/২০২১খ্রিঃ।

বিষয়ঃ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে সরকারি-বেসরকারি নার্সিং কলেজসমূহে (পোস্ট বেসিক) কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির সময় বর্ধিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর স্মারক নং-৫৯.০০.০০০০.১৪৩.৯৯.০৩.২০১৯- ৪৪৪, তারিখঃ ২৮/১২/২০২০খ্রিঃ মোতাবেক সরকারি-বেসরকারি নার্সিং কলেজসমূহে বিএসসি নার্সিং ও বিএসসি পাবলিক হেলথ নার্সিং(পোস্ট বেসিক) কোর্সে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করে ২৭ নভেম্বর ২০২০খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তির কার্যক্রম ০৩/০১/২০২১ খ্রিঃ তারিখ হতে ১২/০১/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছিল। নির্বাচিত প্রার্থীদের কোর্সে যোগদানের বিষয়টি বিবেচনা করে ভর্তির সময়সীমা ২০/০১/২০২১ খ্রিঃ পর্যন্ত বর্ধিত করা হলো।

২। ইতোপূর্বে জারীকৃত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ পূর্বক ২০২০-২০২১ শিক্ষাবর্ষে পোস্ট বেসিক বিএসসি নার্সিং ও বিএসসি পাবলিক হেলথ নার্সিং কোর্সে শিক্ষার্থী ভর্তি করার জন্য সরকারি ও বেসরকারি নার্সিং কলেজসমূহের প্রধানগণকে অনুরোধ করা হলো। অত্র অধিদপ্তরের পত্র নং-৪৫.০৩.০০০০.০০২.০১.০০২.২০-৩১৮, তারিখঃ-৩০/১২/২০২০খ্রিঃ মোতাবেক জারীকৃত সকল শর্তাবলী অপরিবর্তিত থাকবে।



মোহাম্মদ আব্দুল হাই, পিএ  
(উপসচিব)

পরিচালক (প্রশাসন ও শিক্ষা)  
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

অধ্যক্ষ  
সরকারি ও বেসরকারি পোস্ট বেসিক নার্সিং কলেজ  
(সকল)-----।

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা।
- ৪। উপপরিচালক (পিএম আইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (পত্রটি ডিজিএনএম এর ওয়েব সাইটে প্রকাশের জন্য)।